



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৩৯৮৫.০৩৫.৪৬.৩১১.২১(অংশ-১)-৭৫৯

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০
২৯ আগস্ট ২০২৩

বিষয়ঃ মাননীয় আপিল বিভাগ ও মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২৪ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত **জামালপুর** জেলার **সরিষাবাড়ী** উপজেলার **মহাদান** ইউনিয়ন পরিষদের **০৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য** পদে মাননীয় আপিল বিভাগ ও মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ অনুযায়ী সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫৬৫
ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭
মোবাইলঃ+৮৮-০১৫৫০০৪২০৫৩
mizanr63@yahoo.com

✓ জেলা প্রশাসক
জামালপুর

নং-১৭.০০.৩৯৮৫.০৩৫.৪৬.৩১১.২১(অংশ-১)-৭৫৯

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০
২৯ আগস্ট ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, **ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ** (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, **জামালপুর** (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, **সরিষাবাড়ী, জামালপুর** (০২ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, **সরিষাবাড়ী, জামালপুর** (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৪, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩০/২০ আগস্ট ২০২৩

নং ১৭.০০.৩৯৮৫.০৩৫.৪৬.৩১১.২১(অংশ-১)-৭৫৬।—মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৯২১/২০২২ এর ১৫ জুন ২০২৩ তারিখের আদেশে Discharge করায় এবং মাননীয় আপীল বিভাগে দায়েরকৃত সিএমপি নং-৫৭৩/২০২৩ এ কোনো স্থগিতাদেশ প্রদান না করায় বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনালের নির্বাচনি মোকদ্দমা নং-৬২/২০২২ এর ২০ জুন ২০২২ তারিখের আদেশ অনুযায়ী জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলাধীন মহাদান ইউনিয়ন পরিষদের ০৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ইতিপূর্বে ০৮ মার্চ ২০২২ তারিখে জনাব মোঃ আব্দুর রহিম ভূঁইয়া এর নামে প্রকাশিত গেজেট বাতিল করে দরখাস্তকারী জনাব মোঃ সুলতান ভূঁইয়া-কে বিজয়ী ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ০৮ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৬০৬৭নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'মহাদান' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোঃ আঃ রহিম ভূঁইয়া, পিতা-গমেজ আলী ভূঁইয়া, গ্রাম: সেজুয়া' এর পরিবর্তে 'মোঃ সুলতান ভূঁইয়া, পিতা: আমেজ উদ্দিন ভূঁইয়া, গ্রাম: সেজুয়া' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাঞ্চুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১১২৭)

মূল্য : টাকা ৪.০০